**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
**স্থানীয় সরকার বিভাগ**
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.১৫০.২৪.৪৩৮

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ / ২৯ মার্চ ২০২৫

**বিষয় : ফেনী জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব তহবিলের আওতায় ১৫৩.০০ লক্ষ (এক কোটি তিপ্পান্ন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৮টি প্রকল্প এবং ৫২১.০০ লক্ষ (পাঁচ কোটি একুশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২০০টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।**

সূত্র : ১. স্মারক নং- ৪৬.২০.৩০০০.০০০.০০২.১৪.০০৭(৫).২৫-২৫৬, তারিখ: ১০/১১/২০২৫ খ্রি.
২. স্মারক নং- ৪৬.২০.৩০০০.০০০.০০২.১৪.০০৭(৫).২৫-৩১০, তারিখ: ০২/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ১নং স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে ফেনী জেলা পরিষদে রাজস্ব তহবিলের আওতায় ১৫৩.০০ লক্ষ (এক কোটি তিপ্পান্ন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৮টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক ১ ও ২-এ বর্ণিত ১১.০০ লক্ষ (এগারো লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২টি প্রকল্প এবং প্রকল্প তালিকার ক্রমিক ১৫ ও ১৬ এ বর্ণিত ৩৫.০০ লক্ষ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২টিসহ মোট ৪টি প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত ছকের কলাম ৪-এ উল্লিখিত তথ্য প্রমাণকসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো:

| ক্রম | প্রকল্প তালিকার ক্রমিক | প্রাক্কলিত ব্যয় | চাহিত তথ্য/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ১ ও ২ | ১১.০০ লক্ষ (এগারো লক্ষ) টাকা | বর্ণিত কমিউনিটি সেন্টার-এর মালিকানা কার এবং কিভাবে পরিচালিত হয় সে বিষয়ে কোনো দালিলিক তথ্য ও প্রমাণক প্রস্তাবের সাথে দাখিল করা হয়নি। তাই প্রকল্প দুইটি অনুমোদনের পূর্বে প্রকল্প প্রতিষ্ঠানেরে মালিকান সম্পর্কিত দালিলিক তথ্য প্রমাণকসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রয়োজন। |
| ২. | ১৫ ও ১৬ | ৩৫.০০ লক্ষ (পঁয়ত্রিশ লক্ষ) টাকা | বর্ণিত প্রকল্প দুটি রাজস্ব তহবিলের আওতায় সেমিপাকা দোকানঘর নির্মাণ সংক্রান্ত প্রকল্প। কিন্তু জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে সেলামির অর্থে দোকানঘর নির্মাণ করা জন্য এ বিভাগের নির্দেশনা রয়েছে বিধায় নীতিমালার আলোকে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য উক্ত জেলা পরিষদ-কে অনুরোধ করা প্রয়োজন। |

**০২।** এমতাবস্থায়, উক্ত ৪টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট প্রকল্প (১৮-৪) = ১৪টি প্রকল্প (১৫৩.০০-৪৬.০০) = ১০৭.০০ লক্ষ (এক কোটি সাত লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নোক্ত শর্তাবলী যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো।

**০৩।** উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ২নং স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে ফেনী জেলা পরিষদে রাজস্ব তহবিলের আওতায় ৫২১.০০ লক্ষ (পাঁচ কোটি একুশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২০০টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক ৮০-এ বর্ণিত ৩.০০ লক্ষ (তিন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি প্রকল্প এবং প্রকল্প তালিকার ক্রমিক ৮৯-এ বর্ণিত ৪০.০০ লক্ষ (চল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে একটিসহ মোট ২টি প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত ছকের কলাম ৪-এ উল্লিখিত তথ্য প্রমাণকসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো:

| ক্রম | প্রকল্প তালিকার ক্রমিক | প্রাক্কলিত ব্যয় | চাহিত তথ্য/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ৮০ | ৩.০০ লক্ষ (তিন লক্ষ) টাকা | বর্ণিত প্রকল্পটি পৌরসভার অধিক্ষেত্রাধীন প্রকল্প। জেলা পরিষদের বরাদ্দকৃত অর্থে পৌরসভা এলাকার ড্রেন নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করা হয় না। তাই বর্ণিত প্রকল্পটি পরিবর্তনপূর্বক জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণের জন্য উক্ত জেলা পরিষদ-কে অনুরোধ করা প্রয়োজন। |
| ২. | ৮৯ | ৪০.০০ লক্ষ (চল্লিশ লক্ষ) টাকা | বর্ণিত প্রকল্পটি রাজস্ব তহবিলের আওতায় মার্কেট নির্মাণ সংক্রান্ত প্রকল্প। কিন্তু জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে সেলামির অর্থে দোকানঘর নির্মাণ করা জন্য এ বিভাগের নির্দেশনা রয়েছে বিধায় নীতিমালার আলোকে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য উক্ত জেলা পরিষদ-কে অনুরোধ করা প্রয়োজন। |

০৪। এমতাবস্থায়, উক্ত ২টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট প্রকল্প (২০০-২) = ১৯৮টি প্রকল্প (৫২১.০০-৪৩.০০) = ৪৭৮.০০ লক্ষ (চার কোটি আটাত্তর লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নোক্ত শর্তাবলী যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের রাজস্ব তহবিল/এডিপি ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;

০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, . . .' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;

০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;

০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং

০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

২৯/০৩/২০২৫

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইল: lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ, ফেনী;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.১৫০.২৪.৪৩৮/১(৬)

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২ / ২৯ মার্চ ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৯/০৩/২০২৫

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব